# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪২৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. প্রথম অনুচ্ছেদ - দু’ ঈদের সালাত

بَاب صَلَاة الْعِيدَيْنِ

### আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعِيدَيْنِ غَيْرَ مَرَّةٍ وَلَا مَرَّتَيْنِ بِغَيْرِ أَذَانٍ وَلَا إِقَامَة. رَوَاهُ مُسلم

### বাংলা

১৪২৭-[২] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে দু’ঈদের সালাত (সালাত/নামায/নামাজ) একবার নয়, দু’বার নয়, আযান ও ইক্বামাত(ইকামত/একামত) ছাড়া ..... (বহুবার) আদায় করেছি। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৮৭, আবূ দাঊদ ১১৪৮, আত্ তিরমিযী ৫৩২, ইবনু আবী শায়বাহ্ ৫৬৫৬, আহমাদ ২০৮৪৭, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬১৬৭, শারহুস্ সুন্নাহ্ ১১০০, ইবনু হিব্বান ২৮১৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি প্রমাণ করে দু’ ঈদের সালাতে আযান ও ইক্বামাত নেই। আর ইমাম তিরমিযী বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথী ও অন্যান্যদের হতে আহলে ‘আলিমরা ‘আমল করে আসছেন যে দু’ঈদে এবং কোন নফল সালাতে আযান ও ইক্বামাত দিতেন না। ‘ইরাক্বীও বলেনঃ সকল ‘উলামাদের ‘আমল অনুরূপ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55987

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন